গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপ-মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট

নিরাপদ কর্মপরিবেশ
টেকসই উন্নয়নের পথে
বাংলাদেশ

# জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC), সিলেট এর ৫ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এম কাজী এমদাদুল ইসলাম<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ২০ অক্টোবর, ২০১৯ |
| সভার সময় | বিকাল ০৪.০০ ঘটিকা। |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট, জনাব মোহাম্মদ আবুল কালাম কর্তৃক বিগত সভার কার্যবিবরণীর খসড়া পাঠ করে শোনানো হলে তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় / আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি গঠন বিষয়ে আলোচনায় উপমহাপরিদর্শক (ডাইফ) জানান, তিনি নিজে উপজেলা কমিটি গঠনের গেজেটের কপি সহ উপজেলা নির্বাহী অফিসার‘দের সাথে যোগাযোগ করেছেন। এছাড়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়কে সাচিবিক দায়িত্ব দেওয়া হয়েছে বিধায়, এতে তাদের সম্পৃক্ত থাকার জন্য অনুরোধ জানিয়েছেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-এর স্বাক্ষরে আগামী ৭ (সাত) দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার’দের নিকট উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি গঠন ও নিয়মিত সভা আয়োজন বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। পত্রের অনুলিপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রেরণ করতে হবে। | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট । |
| ০২ | উদ্বুদ্ধকরণ সভা আয়োজন বিষয়ে আলোচনায় উপমহাপরিদর্শক (ডাইফ) জানান, নিয়মিতভাবে বিভিন্ন শিল্প সেক্টরে শিশুশ্রম নিরসনের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হচ্ছে। এটি চলমান রয়েছে। | ঝুঁকিপূর্ণ সেক্টরে শিশুশ্রম নিরসনে উদ্বুদ্ধকরণ সভা নিয়মিত আয়োজন করতে হবে। উদ্বুদ্ধকরণ সভায় উপজেলা এবং জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট। |
| ০৩ | সংশ্লিষ্ট এনজিওসমূহের সভায় উপস্থিতি নিশ্চিতকরণ। | শিশুশ্রম নিয়ে কাজ করে এমন সকল এনজিওদের জেলা কমিটির সভায় উপস্থিতির জন্য পত্র দিতে হবে। | ১।উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট ।<br>২। সংশ্লিষ্ট সকল এনজিও। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | শিশুশ্রম নিরসনে অগ্রগতির বিষয়ে আলোচনায়, উপমহাপরিদর্শক (ডাইফ) জানান, যে সকল কারখানা ও প্রতিষ্ঠানে শিশুশ্রম রয়েছে সেসকল প্রতিষ্ঠানসমূহ নিয়মিতভাবে পরিদর্শন এবং নোটিশ প্রদান করা হচ্ছে। এতে উল্লেখযোগ্য সংখ্যক শিশু শ্রম হতে সরে গেছে। এনজিও সংস্থা আকবেট এর নির্বাহী পরিচালক জনাব আছাদুজ্জামান ছায়েম জানান, ৬ মাস অন্তর ডোর টু ডোর সার্ভে করা হয়েছে। এতে দেখা গেছে নগরীর কদমতলী এলাকায় এবছরের শুরুর দিকে ১২২ জন শিশু শ্রমিক পাওয়া যায়। বছরের মাঝামাঝি সময়ে এ সংখ্যা প্রায় ৫৬ জনে এসেছে। এটি কলকারখানা অধিদপ্তরের কার্যক্রমের সফলতা হিসেবে উল্লেখ করেন। | নিয়মিত পরিদর্শন এবং উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান থাকবে। | ১। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট ।<br><br>২। সংশ্লিষ্ট সকল এনজিও। |
| | | | |

সদস্য সচিব উপমহাপরিদর্শক (ডাইফ) জানান, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট কার্যালয়ের ১৭ জন কর্মকর্তার পদ রয়েছে। কিন্তু বর্তমানে মাত্র ২ জন শ্রম পরিদর্শক রয়েছেন। সীমিত জনবল নিয়ে দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হওয়ায় কিছু সীমাবদ্ধতা সত্বেও নিরলস চেষ্টায় উল্লেখযোগ্য পরিমাণ শিশু শ্রম থেকে মুক্ত করে স্কুলগামী করা হচ্ছে।

সভাপতি সংশ্লিষ্ট সকলকে শিশুশ্রম নিরসনে সচেতনতা বৃদ্ধি ও প্রচারণা চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য একযোগে কাজ করার আহবান জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ৪০.০১.৯১০০.১০১.০৬.০০৪.১৯.১৭

তারিখ: ১৯ কার্তিক ১৪২৬
০৪ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয, সিলেট।
৪) সিভিল সার্জন, সিলেট
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৬) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) উপ পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সিলেট।
৮) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, সিলেট্
৯) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট
১০) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট।
১১) জেলা শিক্ষা অফিসার, সিলেট।
১২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস
১৩) ডেপুটি জেলার, সিলেট জেল
১৪) জেলা কর্মকর্তা, কারিগরী শিক্ষা অধিদপ্তর, সিলেট।
১৫) জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস সিলেট

১৬) উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়,মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট

১৭) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শিশু একাডেমি

১৮) সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষাব্যুরো

১৯) জেলা ক্রীড়া কর্মকর্তা, সিলেট।

২০) জেলা কালচারাল অফিসার, শিল্পকলা একাডেমী

২১) উপ পরিচালক , আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট

২২) বিভাগীয় প্রধান, জাতীয় মহিলা আইনজীবি সমিতি

২৩) জনাব শামীমা চৌধুরী, জনাব শামীমা চৌধুরী, কথাকলি, সিলেট।

২৪) পরিচালক, মুক্তাক্ষর, ইলেকট্রিক সাপ্লাই রোড , সিলেট

২৫) নির্বাহী পরিচালক, আকবেট, উপশহর, সিলেট।

২৬) প্রতিনিধি, ডিডিএফপি

২৭) ডেপুটি ডিরেক্টর, ডিডব্লুএ, সিলেট।

২৮) একটিং ডেপুটি প্রোগ্রাম অফিসার চাইল্ড এন্ড ইউমেন রাইটস, ইউসেফ বাংলাদেশ

২৯) জেলা ব্যবস্থাপক, ব্রাক দক্ষতা উন্নয়ন কর্মসূচী

Tapanbikash

তপন বিকাশ তঞ্চঙ্গ্যা
উপ -মহাপরিদর্শক